আজ ঢাকায় আসছেন মিয়ানমারবিষয়ক জাতিসংঘের বিশেষ দূত



ছবি: সংগৃহীত

মিয়ানমারের অবনতিশীল মানবাধিকার পরিস্থিতি এবং এর প্রভাব সরেজমিনে মূল্যায়ন করতে আট দিনের সফরে আজ বাংলাদেশে আসছেন দেশটির মানবাধিকারবিষয়ক জাতিসংঘের বিশেষ র‍্যাপোর্টিয়ার কেলি ই. কারি। ১১ থেকে ১৮ নভেম্বর পর্যন্ত তাঁর এ সফর চলবে।

মঙ্গলবার প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, সফরে রাখাইন রাজ্যের পরিস্থিতি, মিয়ানমারের অভ্যন্তরীণ সশস্ত্র সংঘাত এবং রোহিঙ্গা শরণার্থীদের বর্তমান অবস্থা গুরুত্ব পাবে। পাশাপাশি এসব সংকট মোকাবিলায় ভবিষ্যতে সহযোগিতার সুযোগ নিয়েও আলোচনা করবেন তিনি।

বিজ্ঞপ্তিতে বলা হয়, কেলি ই. কারি আনুষ্ঠানিকভাবে মিয়ানমার সফরের অনুমতি চেয়েছিলেন। তবে দেশটির জান্তা সরকার জানিয়েছে, তাঁকে সফরে নেওয়ার মতো প্রস্তুতি তাদের নেই।

বাংলাদেশে অবস্থানকালে সরকারি কর্মকর্তা, নাগরিক সমাজের প্রতিনিধি, ভুক্তভোগী ও নির্যাতন থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের সঙ্গে বৈঠক করবেন জাতিসংঘের এই বিশেষ প্রতিনিধি। ঢাকায় একাধিক বৈঠকের পাশাপাশি কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনেরও পরিকল্পনা রয়েছে তাঁর।

সফর শেষে ১৮ নভেম্বর এক সংবাদ সম্মেলনে বক্তব্য দেবেন কেলি ই. কারি। আগামী ২০২৭ সালের মার্চে জাতিসংঘ মানবাধিকার পরিষদে মিয়ানমার পরিস্থিতি নিয়ে তাঁর পরবর্তী প্রতিবেদন উপস্থাপনের কথা রয়েছে।